# সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৪৬৫

৫১/ আল্লাহর আশ্রয় গ্রহণ করা (كتاب الاستعاذة)

পরিচ্ছেদঃ ১৬. কবরের ফিতন-অনিষ্ট থেকে আশ্রয় প্রার্থনা করা

الِاسْتِعَاذَةُ مِنْ شَرِّ فِتْنَةِ الْقَبْرِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ قَالَ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ قَالَ حَدَّثَنَا هِشَامُ بْنُ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَثِيرًا مَا يَدْعُو بِهَؤُلَاءِ الْكَلِمَاتِ اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ فِتْنَةِ النَّارِ وَعَذَابِ النَّارِ وَفِتْنَةِ الْقَبْرِ وَعَذَابِ الْقَبْرِ وَشَرِّ فِتْنَةِ الْمَسِيحِ الدَّجَّالِ وَشَرِّ فِتْنَةِ الْفَقْرِ وَشَرِّ فِتْنَةِ الْغِنَى اللَّهُمَّ اغْسِلْ خَطَايَايَ بِمَاءِ الثَّلْجِ وَالْبَرَدِ وَأَنْقِ قَلْبِي مِنْ الْخَطَايَا كَمَا أَنْقَيْتَ الثَّوْبَ الْأَبْيَضَ مِنْ الدَّنَسِ وَبَاعِدْ بَيْنِي وَبَيْنَ خَطَايَايَ كَمَا بَاعَدْتَ بَيْنَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ الْكَسَلِ وَالْهَرَمِ وَالْمَأْثَمِ وَالْمَغْرَمِ

বাংলা

৫৪৬৫. মুহাম্মদ ইবন আবদুল্লাহ (রহঃ) ... আয়েশা (রাঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রায়ই এই দু’আ পাঠ করতেনঃ হে আল্লাহ! আমি দোযখের ফিতনা, দোযখের আযাব, কবরের ফিতনা, কবরের আযাব, দাজ্জালের ফিতনা, অভাব-অনটন এবং ঐশ্বর্যের ফিতনা থেকে আপনার নিকট আশ্রয় প্রার্থনা করছি। হে আল্লাহ্! আমার পাপসমূহকে বরফ ও শিলার পানি দ্বারা ধুয়ে দিন, আর আমার অন্তরকে পাপ-পঙ্কিলতা হতে এভাবে পরিষ্কার করে দিন, যেভাবে সাদা কাপড় ময়লা হতে পরিষ্কার করা হয়ে থাকে। আর আমাকে পাপ হতে এত দূরে রাখুন, যেমন পূর্ব ও পশ্চিমের মধ্যে দূরত্ব রেখেছেন। হে আল্লাহ্! আমি অলসতা, অতি বার্ধক্য, পাপ এবং ঋণগ্রস্ত হওয়া থেকে আপনার আশ্রয় প্রার্থনা করছি।

## English

It was narrated that 'Aishah said:
"The Messenger of Allah [SAW] often used to say these words in his supplication: 'Allahumma, inni a'udhu bika min fitnatin-nari, wa 'adhabin-nari, wa fitnatil-qabri, wa 'adhabil-qabr, wa sharri fitnatil masihid-dajjal, wa sharri fitnatil-faqri, wa sharri fitnatil-ghina. Allahummaghsil khatayaya

bima'ith-thalji wal-baradi wa anqi qalbi minal-khataya kama anqaitath-thawbal-abyada min ad-danasi, wa ba'id baini wa baina khatayaya kama ba'adta bainal-mashriqi wal-maghrib. Allahumma inni a'udhu bika min al-kasali wal harami, wal ma'thami wal-maghram (O Allah, I seek refuge with You form the tribulation of the Fire and the torment of the Fire, from the tribulation of the grave and the torment of the grave, from the evil of the tribulation of the Al-Masihid-Dajjal, from the evils of the tribulation of poverty and from the evil of the tribulation of richness. O Allah, put a great distance between me and my sins, as great as the distance You have made between the East and the West. O Allah, I seek refuge in You from laziness, old age, sin and debt.)'

## ফুটনোট

তাহক্বীকঃ সহীহ। ইবন মাজাহ ৩৮৩৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=79496

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন